



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা।



পেশাদার ড্রাইভিং লাইসেন্স গ্রহণ/নবায়নকালে প্রার্থীর ডোপটেন্স্ট সনদ দাখিল সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়নকল্পে আগামী ৩০শে জানুয়ারি, ২০২২ থেকে পেশাদার মোটরযান চালকদের ড্রাইভিং লাইসেন্স ইস্যু/নবায়নকালে প্রার্থীর আবেদনপত্রের সাথে সরকারি হাসপাতাল কর্তৃক সম্পাদিত ডোপটেন্স্ট রিপোর্ট/সনদ দাখিল করতে হবে। ডোপটেন্স্ট রিপোর্ট/সনদ পজিটিভ হলে (মাদক সেবনের আলামত পাওয়া গেলে) বা এতে কোনো বিরূপ মন্তব্য থাকলে সেক্ষেত্রে পেশাদার ড্রাইভিং লাইসেন্স ইস্যু/নবায়ন করা হবে না। এই ডোপটেন্স্ট সারাদেশে সকল পর্যায়ের সরকারি হাসপাতালে এবং ঢাকা মহানগরীর ক্ষেত্রে ৬টি প্রতিষ্ঠানে [ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতাল, শের-ই-বাংলা নগর, ন্যাশনাল ইনস্টিটিউট অব ল্যাবরেটরী মেডিসিন এন্ড রেফারেল সেন্টার, শের-ই-বাংলা নগর, জাতীয় বক্ষব্যাপি ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর), শের-ই-বাংলা নগর, কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, ঢাকা] করা যাবে।

২। এমতাবস্থায়, পেশাদার মোটরযান চালকদের ড্রাইভিং লাইসেন্স গ্রহণ/নবায়নকল্পে ডোপটেন্স্ট করার নিমিত্ত বিআরটিএ'র সংশ্লিষ্ট সার্কেল অফিসে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।